


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
১৫৩ পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.gsb.gov.bd


স্মারক নম্বর: ২৮.০৫.০০০০.০১০.০৪.০০৪.১৮. ২২৬০

তারিখ: ২৬ আগস্ট, ২০১৯

বিষয়: বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি)'র ২০১৯-২০২০ অর্থবছরে গৃহীত উদ্ভাবনী কর্মপরিকল্পনা “খনিজ সম্পদ অনুসন্ধানের লক্ষ্যে খনন পরবর্তী কেসিং রিকভারির উপযোগী হাইড্রোলিক পাওয়ার প্যাক উদ্ভাবন” বাস্তবায়নের জন্য ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, (জিএসবি)'র ২০১৯-২০২০ অর্থবছরে গৃহীত উদ্ভাবনী কর্মপরিকল্পনা “খনিজ সম্পদ অনুসন্ধানের লক্ষ্যে খনন পরবর্তী কেসিং রিকভারির উপযোগী হাইড্রোলিক পাওয়ার প্যাক উদ্ভাবন” বাস্তবায়নের লক্ষ্যে গত ২৫/০৮/২০১৯ তারিখে ইনোভেশন টিমের সদস্যবৃন্দের উপস্থিতিতে একটি উপস্থাপনা অনুষ্ঠিত হয়। এমতাবস্থায়, বর্ণিত উদ্ভাবনী উদ্যোগ পাইলটিং এবং স্কেলআপের জন্য প্রয়োজনীয় ব্যয় বিভাজন এবং টেকনিক্যাল স্পেসিফিকেশন প্রস্তুতপূর্বক পত্র জারীর তারিখ হতে আগামী ১০ (দশ) কর্মদিবসের মধ্যে জিএসবি'র ইনোভেশন টিমের মাধ্যমে মহাপরিচালক মহোদয় বরাবর প্রস্তাব প্রেরণের জন্য জানানো হলো। এখানে উল্লেখ্য যে, উক্ত ইনোভেশন আইডিয়া গ্রহণের যৌক্তিকতা বিষয়ে এক পাতার প্রতিবেদন (বাংলা ও ইংরেজিতে) এবং ওয়ান মিনিট ভিডিও তৈরি করে ইনোভেশন টিমকে দ্রুততম সময়ের মধ্যে সরবরাহের অনুরোধ করা হলো।




২৬.৮.১৯

(সাইদুল হোসেন)

পরিচালক (ভূতত্ত্ব) ও সভাপতি

ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি

ফোন: ৫৮৩১২১৬৮

ই-মেইল: hossain747@gmail.com

জনাব মোঃ মহিবুল ইসলাম
উপ-পরিচালক (খনন প্রকৌশল)
জিএসবি, ঢাকা।

অনুলিপি: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. পরিচালক (আপারেশন ও সমন্বয়), জিএসবি, ঢাকা।
২. পরিচালক (পরিকল্পনা ও বাস্তবায়ন), জিএসবি, ঢাকা।
৩. জনাব রাজিব কুমার সাহা, সদস্য সচিব, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি, ঢাকা।
৪. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর, ঢাকা।
৫. নথিতে সংরক্ষণের জন্য।